## শাহজালালবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারকনং-রেজিঃ/০৪(১০৪৬)/৫/৬১৬ তারিখঃ ২৯-০৫-২০২৫

**নিয়োগ বিজ্ঞপ্তি**

শাহজালালবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপকের ০১(এক)টি স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল ও গ্রেডঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেডঃ ৬)

**আবেদনের শেষ তারিখ : ১৯ জুন, ২০২৫**

**আবেদনের প্রক্রিয়াঃ**
প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :
(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৬০০/= (ছয়শত) টাকা ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র (জ) সকল প্রকাশনার কপি (ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য।

**যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্তঃ**
যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.eduএ 'বিস্তারিত দেখুন'অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

২৯.৫.২৫

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার

Scanned with CamScanner

## সহকারী অধ্যাপক পদে নিয়োগ/আপগ্রেডেশনের যোগ্যতা ও অভিজ্ঞতা

(ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। তবে ২০01 থেকে ২০০৪ পর্যন্ত অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ ও ২০০৪ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) গ্রহণযোগ্য হবে।

(খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPAএর শর্ত শিথিলযোগ্য। তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। প্রকৌশল বিভাগসমূহের ক্ষেত্রে মাস্টার্স ডিগ্রিধারী যোগ্যপ্রার্থী না পাওয়া গেলে অভিজ্ঞতা থাকা সাপেক্ষে ৪/৫ বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে।

(গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী* থাকতে হবে।

(ঘ) প্রার্থীর স্নাতক(সম্মান)ও স্নাতকোত্তর ডিগ্রি থাকলে ন্যূনতম ৩(তিন)বছরের অভিজ্ঞতা*২ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা*৩ থাকতে হবে।

(ঙ) প্রার্থীর ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার, ফরেষ্ট্রি বিষয়ে ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রি এবং আর্কিটেকচার বিষয়ে ৫ (পাঁচ) বছরের স্নাতক ডিগ্রি থাকলে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা*২ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা*৩ থাকতে হবে। তন্মধ্যে ১ (এক)টিতে First Auhtor হিসেবে থাকতে হবে।

(চ) প্রার্থীর পিএইচডি বা সমমান ডিগ্রি থাকলে ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতা*২ থাকতে হবে। প্রার্থীর এমফিল বা সমমান/অতিরিক্ত মাস্টার্স ডিগ্রি থাকলে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা*২ থাকতে হবে। তবে প্রভাষক পদে ন্যূনতম যোগ্যতা হিসেবে উপরোক্ত কোন ডিগ্রি ব্যবহার হয়ে থাকলে কোন ধরনের রেয়াত সুবিধা সংশ্লিষ্ট প্রার্থীর জন্য বিবেচিত হবে না। এ ক্ষেত্রে চাকরির পূর্ব অভিজ্ঞতাও বিবেচিত হবে না।

(ছ) উচ্চতর ডিগ্রি (এমএস, এমফিল, পিএইচডি) থাকলে প্রার্থীর ফলাফলের যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

***চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা**

*১ বিভাগ/শ্রেণী বলতে বোঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে প্রচলিত ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী।

*২সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রভাষক পদের অভিজ্ঞতার সময়কালের ১০০%,প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজ/সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের প্রভাষক বা সমমানের পদের অভিজ্ঞতার সময়কালের ৫০% গণ্য করা হবে। তবে গণনাকৃত অভিজ্ঞতা সহকারী অধ্যাপক পদের ন্যূনতম অভিজ্ঞতার সময়কালের (৩ বছর) বেশি হবে না। এই অভিজ্ঞতাই পরবর্তী পদে প্রমোশন বা আপগ্রেডেশনের ক্ষেত্রে ব্যবহৃত হবে। সক্রিয় চাকরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা, অনুমোদিত শিক্ষাছুটি(বিশেষ ছুটি ব্যতীত সবেতেনে ও বিনাবেতনে শিক্ষাছুটি)ও স্যাবাটিক্যাল ছুটিকে বোঝাবে।

*৩ প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বোঝাবে।

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার

Scanned with
CamScanner